



স্মারক নং-ওএম/০৯/সি-২/২০১৫/ ২৬৬

তারিখঃ ২৫/০৩/২০২১


বিষয়ঃ সরকারি ব্রজলাল কলেজ, খুলনা এর বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র এর বিনষ্ট যন্ত্রপাতি ও আসবাবপত্র সরিয়ে ফেলে গ্রন্থাগারের পাঠ সুবিধায় ব্যবহারের অনুমতি প্রদান সম্পর্কিত।

সূত্রঃ অধ্যক্ষের স্মারক-৯৫, তারিখ: ২১/০১/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সরকারি ব্রজলাল কলেজ, খুলনায় স্থাপিত বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্রের সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষকে কো-অর্ডিনেটর নিয়োগপূর্বক নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রমসহ আয়-ব্যয় হিসাব, জনবল ও লজিস্টিক সংরক্ষণসহ কেন্দ্রের সার্বিক তত্ত্বাবধানের দায়িত্ব প্রদান করা হয়েছে। প্রকল্পের আওতায় ৩০টি কেন্দ্রের জন্য ১২০টি পদ এবং মাউশি অধিদপ্তরের জন্য ৪টি পদসহ মোট ১২৪টি পদ রাজস্বখাতে সৃজনের জন্য প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ প্রেক্ষিতে উক্ত কলেজে স্থাপিত বিদেশী ভাষা প্রশিক্ষণ কেন্দ্রের মালামাল গুলি অন্যত্র সরিয়ে ফেলার কোন সুযোগ নেই। অন্যদিকে উক্ত কলেজের বর্তমান অবস্থা এবং নিম্নোক্ত বিষয় গুলি সম্পর্কে তথ্য জানা প্রয়োজন।

- ১। প্রশিক্ষণ কেন্দ্রে কম্পিউটার ও কম্পিউটার সামগ্রীর সংখ্যা
- ২। প্রশিক্ষণ সামগ্রীর সংখ্যা ও বর্তমান অবস্থা
- ৩। প্রশিক্ষণ কেন্দ্রে সরবরাহকৃত আসবাবপত্রের সংখ্যা, নাম ও বর্তমান অবস্থা
- ৪। যন্ত্রপাতি ও সামগ্রীর বিবরণ
- ৫। প্রকল্পটি সমাপ্তির পর প্রশিক্ষণ সংক্রান্ত কোন কার্যক্রম গ্রহণ করে থাকলে তার বিবরণ
- ৬। প্রকল্পের আওতায় নিয়োগকৃত ০৪জন কর্মকর্তা-কর্মচারী বর্তমানে কর্মরত আছে কিনা থাকলে তার নাম, পদবী উল্লেখসহ বিস্তারিত বিবরণ
- ৭। প্রশিক্ষণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কো-অর্ডিনেটর হিসেবে অধ্যক্ষ প্রকল্প সমাপ্তিরপর কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তার বিস্তারিত বিবরণ।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মতামত উল্লেখপূর্বক তথ্যাদি প্রেরণের জন্য ভাষা প্রশিক্ষণ কেন্দ্রের কো-অর্ডিনেটর বা কলেজের অধ্যক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৪/৩/২০২১
মোহাম্মদ দেলোয়ার হোসেন-১৬৬৩৭
সহকারী পরিচালক-কলেজ-২
ফোন-৯৪৬০২৬৩

অধ্যক্ষ

সরকারি ব্রজলাল কলেজ
খুলনা

সদয় অধিগতি ও কার্যার্থে অনুলিপি:

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ০২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৪। অফিস নথি।